

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৫.২০১৪.২২

তারিখঃ ২৩ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ  
০৬ এপ্রিল, ২০১৫ খ্রিঃ

**বিষয়ঃ আবাসিক বাড়িসহ জমি ক্রয়ে বিনিয়োগের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 19BBBBB ধারার বিধানের প্রযোজ্যতা প্রসঙ্গে।**


জাতীয় রাজস্ব বোর্ড সম্প্রতি এ মর্মে অবগত হয়েছে যে, আবাসিক বাড়িসহ জমি ক্রয়ে বিনিয়োগের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 19BBBBB ধারার বিধান প্রযোজ্য হবে কিনা এ বিষয়ে মাঠপর্যায়ে অস্পষ্টতা রয়েছে। এ প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০১৩ সালে জারীকৃত পরিপত্র-১ (আয়কর)/২০১৩, তারিখঃ ১২/০৮/২০১৩ খ্রিঃ এর ক্রমিক নং-৩ এ বর্ণিত ব্যাখ্যার নিম্নরূপ অধিকতর স্পষ্টীকরণ করা হলোঃ

ক। অর্থ আইন, ২০১৩ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সন্নিবেশিত 19BBBBB ধারার বিধানটি আবাসিক বাড়ি বা এ্যাপার্টমেন্ট ক্রয়/নির্মাণে বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য, কেবলমাত্র জমি ক্রয়ে বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়;

খ। কোন করদাতা জমি ক্রয় করে পরবর্তী সময়ে উক্ত জমিতে আবাসিক দালান নির্মাণ করলে, আবাসিক দালান নির্মাণে বিনিয়োগের বিষয়ে 19BBBBB ধারার বিধান প্রযোজ্য হবে। তবে জমি ক্রয়ে বিনিয়োগের বিষয়ে করদাতাকে অবশ্যই পৃথকভাবে বিনিয়োগকৃত অর্থের উৎসের ব্যাখ্যা প্রদান করতে হবে;

গ। ফ্ল্যাট বা এ্যাপার্টমেন্ট ক্রয়ের ক্ষেত্রে ফ্ল্যাট বা এ্যাপার্টমেন্টের Plinth Area'র ভিত্তিতে 19BBBBB ধারায় বর্ণিত হারে কর প্রদান করা যাবে এবং এক্ষেত্রে যে জমিতে ফ্ল্যাট/এ্যাপার্টমেন্ট নির্মিত হয়েছে সে জমির আনুপাতিক অংশের পৃথক বিনিয়োগ ব্যাখ্যার প্রয়োজন হবে না; এবং

ঘ। কোন করদাতা আবাসিক দালানসহ জমি ক্রয় করলে উক্ত ক্রয়কৃত সম্পত্তির মধ্যে রেজিস্ট্রি দলিল মোতাবেক যদি আবাসিক দালানের দলিল মূল্য জমির মূল্যের সমান অথবা বেশী হয় তাহলে ক্রেতা আবাসিক দালান ক্রয় করেছেন বলে গণ্য করতে হবে এবং এক্ষেত্রে 19BBBBB ধারার বিধান প্রযোজ্য হবে। অন্যদিকে আবাসিক দালানের দলিল মূল্যের তুলনায় জমির দলিল মূল্য বেশী হলে ক্রেতা জমি ক্রয় করেছেন বলে গণ্য করতে হবে এবং এক্ষেত্রে 19BBBBB ধারার বিধান প্রযোজ্য হবে না।

  
মোঃ জসীমুদ্দিন আহম্মেদ  
দ্বিতীয় সচিব (কর আইন-১)

বিতরণঃ

- ১। সদস্য (লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(কর জরিপ ও পরিদর্শন)/(কর আপীল ও অব্যাহতি)/(ইন্টারন্যাশনাল ট্যাক্সেস)/(কর নীতি)/(তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কুমিল্লা/বগুড়া।
- ৬। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।
- ৭। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপ লোডের জন্য)।
- ১০। সভাপতি, বাংলাদেশ ট্যাক্স ল ইয়ার্স এসোসিয়েশন, বাংলাদেশ সেক্রেটারিয়েট বিল্ডিং, ২য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা (এসোসিয়েশনের সকল সদস্যকে বিতরণের অনুরোধসহ)।
- ১১। সভাপতি, ঢাকা কর আইনজীবী সমিতি, সেগুন বাগিচা, ঢাকা (সমিতির সকল সদস্যকে বিতরণের অনুরোধসহ)।